


উপঃ মাষ্টার.....
শিপিং মাষ্টার.....
সি.ও.ক.ক.....
সি.ও.ক.ক.....
সি.ও.ক.ক.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন অধিদপ্তর
১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)
ঢাকা-১০০০।

ফোন : ৯৫১৩৩০৫
ফ্যাক্স : ৯৫৮৭৩০১
ই-মেইল : info@dos.gov.bd
ওয়েব সাইট : www.dos.gov.bd

নংঃ ১৮.১৭.০০০০.০১২.০১.০৭৩.১৭/২৪৬৩-১৫৫২২

বিষয়ঃ কুক/ষ্টুয়ার্ড পদ হতে ডেক/ইঞ্জিন পদে পদবী পরিবর্তন প্রসংগে.....



তারিখঃ ১৩-১০-২০১৯ ইং

শিপিং
সি.ও.ক.ক

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কুক/ষ্টুয়ার্ড পদ হতে ডেক/ইঞ্জিন পদে পদবী পরিবর্তনের বিষয়ে অত্র অধিদপ্তরে গত ৩০/০৯/২০১৯ ইং তারিখে অধিদপ্তরের অফিস আদেশ নং ১৮.১৭.০০০০. ০১২ .০১. ০৭৩ .১৭/২৪৬৩ মূলে গঠিত(কপি সংযুক্ত-১) কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

“কুক/ষ্টুয়ার্ড হতে পদবী পরিবর্তনের জন্য আবেদনকারী ৫০ জন প্রার্থীকে তাদের আবেদনকৃত পদে পদবী পরিবর্তনের জন্য ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট-এ ১ মাস ১৫ দিনের (দেড় মাস) প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। প্রশিক্ষণের পর ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট তাদের তালিকা নৌপরিবহন অধিদপ্তরে প্রেরণ করবে” (সভার কার্যবিবরণীর কপি সংযুক্ত-২)।

উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে আবেদনকারী ৫০ জন প্রার্থীর তালিকা এতদসংগে প্রেরণ করা হলো। প্রার্থীদেরকে ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউটে সংশ্লিষ্ট বিভাগের (ডেক/ইঞ্জিন) সিলেবাস অনুযায়ী ১ মাস ১৫ দিন ডেক এবং ইঞ্জিন রেটিংয়ে পদবী পরিবর্তন প্রশিক্ষণ সম্পন্ন করতঃ প্রশিক্ষণে উত্তীর্ণ (সনদ প্রাপ্ত) প্রার্থীদের তালিকা নৌপরিবহন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

কমডোর সৈয়দ আরিফুল ইসলাম, (ট্যাজ), এনডিসি, পিএসসি, বিএন
মহাপরিচালক

সংলগ্নীঃ বর্ণনামতে।

প্রতিঃ

অধ্যক্ষ,
ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট
দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম।

অনুলিপিঃ

- ১। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যান পরিদপ্তর, সিজিও ভবন-১, চট্টগ্রাম।
- ২। শিপিং মাষ্টার, সরকারী সমুদ্র পরিবহন(শিপিং) অফিস, সিজিও ভবন-১, চট্টগ্রাম।